

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৬৫

২৩. কুরআনের ফযীলত অধ্যায় (کتاب فضائل القرآن) পরিচ্ছেদঃ ১. যে ব্যক্তি কুরআন পাঠ করে তার মর্যাদা

بَابِ فَضِلْ مَنْ قَرَأً الْقُرْآنَ

আরবী

حَدَّثَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا الْحَسَنُ بْنُ أَبِي جَعْفَرٍ حَدَّثَنَا بُدَيْلٌ عَنْ أَنَسٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ مَنْ هُمْ قَالَ رَسُولُ اللَّهِ مَنْ هُمْ قَالَ رَسُولُ اللَّهِ مَنْ هُمْ قَالَ أَهْلُ الْقُرْآنِ

বাংলা

৩০৬৫. আনাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: "নিশ্চয়ই লোকদের মাঝে আল্লাহর 'আহল' বা পরিজন রয়েছে।" তাঁকে জিজ্ঞেস করা হলো, ইয়া রাসূলাল্লাহ! তারা কারা? তিনি বললেন: "আহলুল কুরআন' বা কুরআনের অধিকারীগণ।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ হাসান ইবনু আবী জা'ফর এর দুর্বলতার কারণে। তবে তিনি এ বর্ণনায় একাকী নন, তার মুতাবিয়াত রয়েছে। যেমন তাখরীজে উল্লেখিত হয়েছে।

তাখরীজ: আবূ দাউদ তায়ালিসী, ২/৩ নং ১৮৮৫; আবী নুয়াইম, হিলইয়াতুল আউলিয়া ৩/৬৩; আহমাদ ৩/১২৭-১২৮, ২৪২; নাসাঈ, কুবরা ৫/১৭ নং ৮০৩১; সুনান, ফাযাইলুল কুরআন নং ৫৬; ইবনু যরীস, ফাযাইলুল কুরআন নং ৭৫; ইবনু কাছীর, ফাযাইলুল কুরআন পৃ: ২৭৫; ইবনু মাজাহ, মুকাদ্দমাহ নং ২১৫; আবুল ফাযল আর রাযী, নং ৩৭; হাকিম ১/৫৫৬ সহীহ সনদে।

বুসীরী, মিসবাহুয যুজাজাহ ১/৯১ তে বলেন, এ সনদ সহীহ, সকলেই বিশ্বস্ত।

খতীব, তারীখ ২/৩১১ অপর সূত্রে।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন